

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫. ১৭২ ১৩১.০০৪.০১.০০.২০১২(২য় খন্ড)-১৪২

তারিখঃ ২২.০৩.২০১৬ খ্রি:

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচি (HPNSDP)-এর আওতাধীন এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫-২৭১১-৫১৮০) কর্মসূচির অনুকূলে ৪৮৪০ কোডে বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য আরপিএ (জিওবি) খাতে মোট ১,১৯,৯৯,২৫৩.০০ লক্ষ (এক কোটি উনিশ লক্ষ নিরানব্বই হাজার দুইশত তিগ্নান্ন) টাকা অগ্রিম উত্তোলন সংক্রান্ত।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫-২৭১১-৫১৮০) কর্মসূচী বাস্তবায়নের জন্য ২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপি বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি)-তে রাজস্বখাতে ১ম-৩য় কিস্তিতে ছাড়কৃত ৪৮৪০ কোডে বৈদেশিক প্রশিক্ষণের বিমান ভাড়া, দৈনিক সম্মানী ভাতা বাবদ ৭৩,১২,৭২৮.০০ টাকা লাইন ডাইরেক্টর, এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫-২৭১১-৫১৮০) এর অনুকূলে ন্যস্ত করণ এবং টিউশন ফি, ইনস্টিটিউশনাল ও প্রোগ্রাম ডেভেলপমেন্ট ব্যয় বাবদ স্থানীয় মুদ্রায় ৪৬,৮৬,৫২৫.০০ টাকা বিদেশের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের ব্যাংক একাউন্টে প্রেরণসহ সর্বমোট ১,১৯,৯৯,২৫৩.০০ (এক কোটি উনিশ লক্ষ নিরানব্বই হাজার দুইশত তিগ্নান্ন) টাকা নিম্নবর্ণিত শর্তে অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী অগ্রিম উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাবে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন করতে হবে; এবং
- (ঘ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

০২। এ মন্ত্রণালয়ের পরিপত্র নং স্বাপকম/সিসপ্র (স্বাস্থ্য-৪)/(IST)/HNPS/২০০৭/২০৭ তারিখ : ২৮.১০.২০০৭ অনুযায়ী HPNSDP'র আওতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রদত্ত নির্ধারিত হার অনুযায়ী প্রশিক্ষক, রিসোর্স পার্সন ও প্রশিক্ষণার্থীদের সম্মানী ভাতা প্রদান করতে হবে।

০৩। এ ব্যয় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অর্ন্তভুক্ত এইচআইএস এন্ড ই-হেলথ (কোড নং-৫১৮০) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে ৪৮৪০ কোডে সমন্বিত হবে।

০৪। এ মন্ত্রণালয়ের ১৮.০৩.২০১৩ তারিখের ৪৫.১৭২.০১১.০০০.০০.০০০১.২০১৩-১৫৮ সংখ্যক পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

০৫। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো (কপি সংযুক্ত)।


(সুশীল কুমার পাল)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং- ৪৫. ১৭২.১৩১.০০৪.০১.০০.২০১২ (২য় খন্ড)-১৪২/১(৪)

তারিখঃ ২২.০৩.২০১৬ খ্রি:

অনুলিপি ২(দুই) কপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন, সেগুন বাগিচা, ঢাকা-এর বরাবরে পৃষ্ঠাংকন করার জন্য অর্থ বিভাগে (বাজেট-৪ শাখা) প্রেরণ করা হলো।


(সুশীল কুমার পাল)
সহকারী সচিব

নং-

তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন, সেগুন বাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের (বাজেট-৪ শাখা) এর সম্মতি রয়েছে।


উপসচিব
বাজেট-৪ অধিশাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং- ৪৫. ১৭২.১৩১.০০৪.০১.০০.২০১২(২য় খন্ড)১৪২/১(৯)

তারিখঃ ২২.০৩.২০১৬ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, এইচআইএস এন্ড ই-হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। উপ প্রধান, স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৬। উপসচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৮। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


২২-০৩-২০১৬
(সুশীল কুমার পাল)
সহকারী সচিব